

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২২, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
আইন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/২২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০১০.১৬-০৯—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮-এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি, ২০১৭ তারিখের স্মারক নং-৬৯-বিচার-৩/১এম-০১/২০১১(অংশ) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১ জানুয়ারি, ২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৪০.১৯.০০১.১৭-১৮ এর পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি আপীল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে “অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, নারায়ণগঞ্জ” এবং “অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ”-এর সমন্বয়ে “নির্বাচনি আপীল ট্রাইব্যুনাল” গঠন করিল। উল্লেখ্য যে, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, নারায়ণগঞ্জ চেয়ারম্যান হিসেবে ও জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সদস্য হিসেবে উক্ত আপীল ট্রাইব্যুনালের দায়িত্ব পালন করিবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

লায়লা শারমিন

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১০৮৯)

মূল্য : টাকা ৪.০০